গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৭/০৯/২০২১ খ্রি.
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	সম্মেলনকক্ষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার গৃহীত কার্যক্রম নিয়ে কিছুটা অস্পষ্টতা থাকায় আজকে কর্মপরিকল্পনার প্রত্যেকটি কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনার পাশাপাশি অগ্রগতি পর্যালচনা করা হবে। তিনি আরও বলেন কর্মপরিকল্পনা সম্পর্কে স্পষ্ট ধারণা না থাকলে কার্যক্রম সম্পাদন করতে অসুবিধা হয় এবং কাজ করার পরেও কাঙ্ক্ষিত স্কোর পাওয়া থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা থাকে। সেজন্য যথাযথভাবে সকল কার্যক্রম সম্পন্ন করা এবং এর সাথে যে নম্বর বরাদ্ধ আছে তা পুরোপুরি অর্জন করার লক্ষ্যেই আজকের এই সভার আয়োজন।” তিনি আরো বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্থ বছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্গত হওয়ায় এপিএতে ভালো করতে হলে উদ্ভাবন পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করা জরুরি। তিনি সকলকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাটি যথাযথভাবে অবলোকন করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা দেন। এরপর তিনি জনাব মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রত্যেকটি পয়েন্ট উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম এবং অগ্রগতি সম্পর্কিত আলোচনা

১। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সভাপতির অনুমতি নিয়ে তার উপস্থাপনা শুরু করেন। তিনি বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রথম কার্যক্রম **১.১ উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন।** এই সূচক অনুসারে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন পূর্ববর্তী অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পানায় ছিলঃ

ক। দুই দিনের ইনোভেশনের প্রশিক্ষণ-এর আয়োজন।

খ। ইনোভেশনের প্রশিক্ষণ-এ যে আইডিয়াগুলো পাওয়া যাবে তার একটি খসড়া তালিকা তৈরি

গ। আইডিয়াগুলো থেকে এক/একাধিক বাছাইপুর্বক পাইলটিং করার জন্য অফিস আদেশ জারি

ঘ। এক/দুই মাস পর মূল্যায়ন

ঙ। বাস্তবায়নের জন্য চূড়ান্ত অফিস আদেশ জারি

এভাবে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করা হলে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সহজতর হবে বলে সভাপতি মত প্রকাশ করেন।

পরবর্তীতে সভাপতি উল্লেখ করেন, ইনোভেশন সম্পর্কে স্পষ্ট ধারণা অর্জন করার জন্য ইনোভশন টিমকে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের নিয়ে প্রশিক্ষণ প্রয়োজন। তিনি আরও বলেন, উদ্ভাবনী ধারণাগুলো বাস্তবায়ন করার জন্য সেগুলো নিয়মিত চর্চার বিকল্প নেই।

২। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার দ্বিতীয় কার্যক্রম **১.২ সেবা সহজিকরণ।** এই বিষয়ে সভাপতি মহোদয় বলেন,

সিটিজেন চার্টারে যেসব সেবাগুলোর কথা উল্লেখ রয়েছে এবং বিদ্যমান পদ্ধতিতে সেই সেবাগুলো যেভাবে দেয়া হচ্ছে তার চেয়ে সহজ কোন পদ্ধতিতে নাগরিককে সেবা প্রদান করাই হলো সেবা সহজীকরণ। তিনি আরও বলেন, সেবা সহজীকরনের ক্ষেত্রে যে তিনটি বিষয়ের উপর সর্বাধিক গুরুত্ব দিয়ে কাজ করা হয় সেগুলঃ Time, Cost, Visit (TCV)। তিনি সেবাসহজীকরণের ক্ষেত্রে **রিসোর্স ম্যাপিং** এর কথা উল্লেখ করে বলেন, বর্তমান পদ্ধতিতে যে সেবাগুলো দেয়া হচ্ছে এবং সেই সেবা দিতে কতদিন সময় লাগে, কতগুলো ধাপ অনুসরণ করতে হয় এবং কত টাকা ব্যয় হয় তার একটি খসড়া তৈরি করা। পরবর্তীতে বিস্তারিত গবেষণাপূর্বক কোন ধাপটি কমানো যায় সেটি ঠিক করা এবং সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। তিনি দপ্তর / সংস্থাসমুহকে নাগরিকদের সাথে বসে বিদ্যমান সেবাগুলো কিভাবে সহজিকরণ করা যায় সেগুলো নিয়ে আলোচনা করে এক/একাধিক সেবা বাছাই করে পাইলটিংপুর্বক চালু করার বিষয় উল্লেখ করেন। মেরিন ফিশারিজ একাডেমির ইনোভেশন সংক্রান্ত আলোচানায় সভাপতি জানান যেহেতু এটি একটি শিক্ষাপ্রতিষ্ঠান সেহেতু ইনোভেশনের প্রধান হাব হিসেবে প্রতিষ্তিত হবার উজ্জল সম্ভাবনা রয়েছে এই একাডেমির।

৩।ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **১.৫ ই-ফাইলিং।** সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, ইনোভেশন অ্যাকশন কর্মপরিকল্পনার মধ্যে ই-ফাইলিং এ সবচেয়ে বেশি নম্বর রয়েছে। মন্ত্রনালয় এবং আওতাধীন দপ্তর সংস্থার ৮০% কাজ ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তিনি আরও বলেন, এখানে ভালো নম্বর পেলে এপিএ তেও ভালো নম্বর পাওয়ার সুযোগ রয়েছে। তিনি দপ্তর সংস্থার প্রতিনিধিদের ই-ফাইলিং এর মাধ্যমে তাদের ৮০% কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। জনাব নূর মোহাম্মদ, প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ইনোভেশন টিমের ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করার বিষয় সভাকে অবহিত করলে করলে সভাপতি সম্মতি দেন এবং বলেন যে, এটি একটি good practice হতে পারে বলেও তিনি উল্লেখ করেন।

৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **১.৬ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন**। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় সম্পর্কে ৪টি অবহিতকরণ কর্মশালা আয়োজন করে সকলকে এ বিষয়ে অবহিত করা প্রয়োজন।

৫। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **২.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং ২.১.১ তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদকরণ**। তথ্য বাতায়নের সকল সেবাবক্স মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক হালনাগাদ করতে হবে। তিনি আরো বলেন, তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদকরণের তথ্য ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে জমা দিতে হবে। সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যদের বলেন, দপ্তর/সংস্থার প্রধানগণ যেন সপ্তাহে অন্তত একদিন তাঁদের ওয়েবসাইট চেক করে সে বিষয়ে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে।

৬। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কর্মসম্পাদন **২.১.২ বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করা**। ইনোভেশন ডকুমেন্টেশন, সেবা সহজিকরন ডকুমেন্টেশন এগুলো সময়ে ওয়েবসাইটে দিয়ে দেওয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন তিনি। যখন যে মিটিং হবে তার কার্যবিবরণী, বিভিন্ন নোটিশ, প্রকাশনা ইত্যাদি ওয়েবসাইটে দেয়ার কথাও বলেন সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

৭। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **২.২.১ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন**। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য নিজ নিজ অধিক্ষেত্রে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সভাপতি বলেন, ইনোভেশন কমিটির সভার পরিবর্তিত রূপ হচ্ছে এই প্রশিক্ষণ কর্মসূচি। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক যেসব কর্মপরিকল্পনা করা হয়েছে তার বাস্তবায়নে কি কি কার্যক্রম গ্রহণ করা হবে

তার জন্যই এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন।

৮। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **২.২.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত** (৮০%)। তিনি বলেন, বাজেটে উদ্ভাবন খাতে (৩২৫৭১০৫ কোড) যে বরাদ্দ আছে তার কমপক্ষে ৮০% খরচ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। উদ্ভাবন খাতে (৩২৫৭১০৫ কোড) বরাদ্দকৃত অর্থ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে ব্যয় করতে হবে।

৯। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সভাকে জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রমটি **১.২.৫ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন**। ই-গভর্ন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দপ্তর সংস্থাসমূহের ন্যূনতম একটি বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন / বিদেশী অভিজ্ঞতা অর্জনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সভাপতি বলেন, সিঙ্গাপুর, কোরিয়াসহ যে সকল দেশে ভালো ইনোভেশন আছে এবং সেই ইনোভেশনগুলো সম্পর্কে ধারণা তৈরি এবং অভিজ্ঞতা অর্জনের জন্য দুই / তিনজন / ইনোভেশন টিম বিদেশ ভ্রমনের ব্যাবস্থা করা যেতে পারে। এতে সবার মধ্যে ইনোভেশন বিষয়ে আগ্রহ তৈরি হবে এবং কর্মকর্তাদের মধ্যে সুস্থ প্রতিযোগিতা তৈরি হবে।

১০। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **২.২.৩ কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত করা**। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪টি সভা **ত্রৈমাসিক ভিত্তিতে** আয়োজন করতে হবে।
১১। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম **২.২.৪ কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা**। মন্ত্রণালয়/বিভাগ ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। দপ্তর/সংস্থা অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করবে। সভাপতি মহোদয় কর্মপরিকল্পনার মূল্যায়ন পদ্ধতি ইনোভেশন টিমের মিটিং এ আলোচনা করার ব্যাপারে অভিমত ব্যক্ত করেন।

১২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার **অগ্রগতি আলোচনায়** জানান যে, মন্ত্রণালয়সহ কয়েকটি আওতাধীন দপ্তর / সংস্থা ইতিমধ্যে "[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা" সম্পন্ন করেছে। এছাড়া, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এবং প্রাণিসম্পদ অধিদপ্তর একটি করে "[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ" সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করেছে। মন্ত্রণালয়সহ আওতাধীন দপ্তর / সংস্থা "[২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত" বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত ভাবে তাঁদের বিভিন্ন তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করছে। ২০২১-২০২২ অর্থবছরে মন্ত্রণালয় "[২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত" কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে **১ম** ত্রৈমাসিক সভা আয়োজন করে।

অন্যান্য / মুক্ত আলোচনা
১৩। সভাপতি মহোদয় মুক্ত আলোচনাপর্ব শুরু করেন এবং সকলকে তাদের মতামত প্রকাশ করার জন্য অনুরোধ জানান। মুক্ত আলোচনার শুরুতে সভাপতি **সেবা ডিজিটাইজেশন** নিয়ে বলেন, মন্ত্রনালয় থেকে যে কেন্দ্রীয় ডিজিটাল সেবা প্রণয়ন করা হচ্ছে সেখানে দপ্তর/সংস্থাসমূহের প্রধান প্রধান সেবাসমূহ অন্তর্ভুক্ত আছে। সুতরাং নতুন কোন সেবা ডিজিটাল করার সময় তারা মন্ত্রণালয়ের কেন্দ্রীয় ডিজিটাল সেবায় যে সেবাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে সেগুলোর ব্যাপারে জেনে নিতে হবে। তিনি তথ্য দপ্তরের উদ্দেশ্যে বলেন এই তথ্য প্রবাহের যুগে তথ্য দপ্তরের নতুন নতুন ইনোভেশনের অপার সম্ভাবনা রয়েছে। তথ্য দপ্তরের প্রতিনিধি বলেন, তারা একটি নিউজ পোর্টাল তৈরি করেছে যার মাধ্যমে মন্ত্রণালয়ের সভা সেমিনার থেকে শুরু

করে জনসচেতনতামূলক বিভিন্ন কার্যক্রম প্রচার করছে। মুক্ত আলোচনায় অংশ নিয়ে সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হত্বে জানা গেছে যে, মন্ত্রনালয়সহ আওতাধীন দপ্তর / সংস্থাসমূহ-এর সামগ্রিক সভা / প্রশিক্ষণ আয়োজন করলে সভা / প্রশিক্ষনের নোটিশ জারিকৃত মন্ত্রনালয়সহ / দপ্তর / সংস্থার অর্জন হবে, সামগ্রিকভাবে সকলের অর্জন হবে না।

১৪। ডাঃ মনজুর মোহাম্মদ শাহজদা, পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরের পক্ষ থেকে সভাপতিসহ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার যথাযথভাবে সম্পন্ন করা হবে মর্মে উল্লেখ করেন। পরবর্তীতে তিনি সভাপতি মহোদয়কে তার সমাপনী বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি মহোদয় ইনোভেশন টিমের সদস্যদের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়গুলো নিয়ে বিশদ আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১৫। সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সকলের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১৫.১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মপরিকল্পনাগুলো যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি কর্মপদ্ধতি প্রণয়ন করতে হবে।

১৫.২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করতে হবে।

১৫.৩) প্রত্যেক দপ্তর / সংস্থা ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে।

১৫.৪) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সংশ্লিষ্ট কার্যক্রম ত্রৈমাসিকভিত্তিতে সম্পাদন করে তা মূল্যায়নপূর্বক উর্ধতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

১৬। অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ
অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২১.১৯৪

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর

৩) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর

৪) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

৫) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

৬) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

৭) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি

৮) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৯) উপসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১০) উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১১) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১২) উপসচিব , মৎস্য-৩ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৩) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৪) রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল

১৫) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

Elias

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট